



*Embassy of  
The People's Republic of Bangladesh  
Lisbon, Portugal*

সংবাদ বিজ্ঞপ্তি

পর্তুগালের মহামান্য রাষ্ট্রপতির নিকট পর্তুগালে নবনিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত রেজিনা আহমেদ-এর পরিচয়পত্র পেশ

লিসবন, ০৯ জানুয়ারি ২০২৪

পর্তুগালে নবনিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব রেজিনা আহমেদ ৮ জানুয়ারি ২০২৪ তারিখে সেদেশের রাষ্ট্রপতির নিকট পরিচয় পত্র পেশ করেছেন। রাজধানী লিসবনে অবস্থিত পর্তুগিজ রাষ্ট্রপতির অফিস “প্যালাসিও দ্যা বেলেম”-এ আয়োজিত এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে পর্তুগালের রাষ্ট্রপতি প্রফেসর মারসেলো রেবেলো দ্য সোজা’র নিকট রাষ্ট্রদূত তাঁর পরিচয় পত্র পেশ করেন।

রাষ্ট্রদূত মোটর শোভাযাত্রা সহযোগে ‘বাংলাদেশ ভবন’ হতে “প্যালাসিও দ্যা বেলেম” পৌছালে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের একটি টোকস দল তাকে গার্ড অব অনার প্রদান করে। রাষ্ট্রদূত মহোদয়ের সালাম গ্রহনকালে বাংলাদেশ ও পর্তুগালের জাতীয় সংগীত পরিবেশন করা হয়। পর্তুগালের রাষ্ট্রপতির নিকট আনুষ্ঠানিকভাবে পরিচয়পত্র প্রদানকালে পর্তুগিজ পররাষ্ট্র মন্ত্রী জোয়াও গোমেজ ক্রাভিনহো, পর্তুগিজ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সেক্রেটারি জেনারেল রাষ্ট্রদূত ফ্রান্সিসকো রিবেরো টেলেস, রাষ্ট্রপতির কূটনৈতিক বিষয়ক জ্যেষ্ঠ উপদেষ্টা রাষ্ট্রদূত মারিয়া এ্যামেলিয়া পাইভা, রাষ্ট্রাচার প্রধান জর্জ সিলভা লোপস, রাষ্ট্রপতির অসামরিক ও সামরিক উপদেষ্টা এবং বাংলাদেশ দূতাবাসের কাউন্সেলর লায়লা মুনতাজেরি দীনা এবং প্রথম সচিব মোঃ আলমগীর হোসেন উপস্থিত ছিলেন।

পরিচয়পত্র পেশের পর পর্তুগিজ রাষ্ট্রপতি ও বাংলাদেশের রাষ্ট্রদূতের মধ্যে একটি সৌজন্য বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পর্তুগালের রাষ্ট্রপতি রাষ্ট্রদূতের মাধ্যমে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি মোহাম্মদ শাহাবুদ্দিন এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে তাঁর শুভেচ্ছা জানান। রাষ্ট্রপতি দুই দেশের মধ্যে বিদ্যমান দ্বিপাক্ষিক সম্পর্ককে বিশেষ করে বাণিজ্য ও শিক্ষা ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ককে জোরদার করার ওপর আলোকপাত করেন। তিনি পর্তুগালের অর্থনৈতিক উন্নয়নে পর্তুগাল প্রবাসী বাংলাদেশিদের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। পর্তুগালে দায়িত্ব পালনের সময় তিনি রাষ্ট্রদূতকে সব ধরনের সহযোগিতা ও সমর্থনের আশ্বাস দেন।

রাষ্ট্রদূত রেজিনা আহমেদ পর্তুগালের রাষ্ট্রপতিকে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার শুভেচ্ছা পৌঁছে দেন। বাংলাদেশ ও পর্তুগালের জনগণের মধ্যে বিদ্যমান “৫০০ বছরের” ঐতিহাসিক সম্পর্কের কথা উল্লেখ করে মান্যবর রাষ্ট্রদূত বর্তমান দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও জোরদার করার ক্ষেত্রে প্রচেষ্টা গ্রহণের সংকল্প ব্যক্ত করেন। রাষ্ট্রদূত রেজিনা আহমেদ বাংলাদেশের সাম্প্রতিক আর্থ-সামাজিক উন্নয়নের ব্যাপারে পর্তুগালের রাষ্ট্রপতিকে অবহিত করেন। রাষ্ট্রদূত বাংলাদেশ ও পর্তুগাল এর মধ্যকার দ্বিপাক্ষিক সম্পর্কের গুরুত্বের কথা তুলে ধরে, ঢাকায় পর্তুগিজ দূতাবাস স্থাপনের বিষয়টি বিবেচনার জন্য পর্তুগিজ রাষ্ট্রপতিকে অনুরোধ করেন। তিনি আরও উল্লেখ করেন যে, পর্তুগিজ ব্যবসায়ীদের বাংলাদেশে বিনিয়োগের ক্ষেত্রে এখনই উপযুক্ত সময় এবং বাংলাদেশ সরকার এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা দিতে প্রস্তুত রয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির পক্ষ থেকে তিনি পর্তুগিজ প্রজাতন্ত্রের রাষ্ট্রপতিকে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান।

